উপজেলা পরিষদ
জামালপুর সদর, জামালপুর।
**jamalpursadar.jamalpur.gov.bd**

## আগস্ট/২০২১ মাসের মাসিক সমন্বয় সভার কার্য-বিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মোহাম্মদ আবুল হোসেন, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জামালপুর সদর। |
| তারিখ | : | ১৮ আগস্ট, ২০২১ খ্রি: |
| সময় | : | সকাল ১১.৩০ ঘটিকা। |
| স্থান | : | উপজেলা পরিষদ হলরুম। |

সভায় উপস্থিত/অনুপস্থিত সদস্যের তালিকা পরিশিষ্ট "ক" এবং "খ" দ্রষ্টব্য

সভাপতি ১৫ আগস্ট ১৯৭৫ সালে স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান সহ পরিবারের নিহত সকল সদস্যদের রুহের মাগফিরাত কামনা করে বিশেষ মোনাজাত করেন। সভায় উপস্থিত থাকার জন্য মাননীয় সংসদ সদস্য মহোদয়কে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করেন এবং অন্যান্য সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। তিনি সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানান। উপজেলা নির্বাহী অফিসার মাননীয় সংসদ সদস্য মহোদয়কে স্বাগত জানান এবং তার উপস্থিতিতে জামালপুর সদর উপজেলার সার্বিক উন্নয়ন কর্মসূচি গ্রহণ ও বাস্তবায়নের ক্ষেত্রে আজকের সভায় গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত গৃহিত হবে মর্মে তিনি আশাবাদ ব্যক্ত করেন। সভাপতির অনুমতিক্রমে উপজেলা নির্বাহী অফিসার গত জুলাই/২১ মাসের সভার কার্য-বিবরণী পাঠ করে শুনান। সভায় কার্য বিবরণীতে কোনরূপ সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে গৃহিত হয়। উপজেলা নির্বাহী অফিসার বিভাগওয়ারি আলোচনার জন্য বিভাগীয় কর্মকর্তাগণকে অনুরোধ করেন। অতঃপর আলোচ্যসূচী মোতাবেক নিম্ন বর্ণিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহিত হয়:

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| ১। স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ: | | |
| (ক) ২০২০-২১ অর্থ বছরে উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের উদ্বৃত্ত বাবদ মোট ৩,৩৬,১১,১৮৫ (তিন কোটি ছত্রিশ লক্ষ এগারো হাজার একশত পঁচাশি) টাকা এবং ২০২১-২২ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচীর আওতায় ১ম কিস্তিতে প্রাপ্য ২৩,৭৮,০০০ (তেইশ লক্ষ আটাত্তর হাজার) টাকার চার কিস্তিতে সম্ভাব্য ৯৫,১২,০০০ (পচানব্বই লক্ষ বার হাজার ) টাকা সহ সর্বমোট ৪,৩১,২৩,১৮৫ (চার কোটি একত্রিশ লক্ষ তেইশ হাজার একশত পঁচাশি) টাকা দ্বারা ২০২১-২২ অর্থ বছরের দৃশ্যমান ও জনগুরুত্বপূর্ণ প্রকল্প গ্রহণ করা যায় সে বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | (ক) ২০২১-২২ অর্থ বছরের রাজস্ব উদ্বৃত্তের ৩,৩৬,১১,১৮৫ (তিন কোটি ছত্রিশ লক্ষ এগারো হাজার একশত পঁচাশি) টাকা ও ২০২১-২২ অর্থ বছরের স্থানীয় সরকার মন্ত্রণালয় থেকে সম্ভাব্য প্রাপ্য ৯৫,১২,০০০ (পঁচানব্বই লক্ষ বার হাজার) টাকা সহ সর্বমোট ৪,৩১,২৩,১৮৫ (চার কোটি একত্রিশ লক্ষ তেইশ হাজার একশত পঁচাশি) টাকা দ্বারা প্রকল্প গ্রহণের জন্য পূর্বাহ্নেই জনগুরুত্ব সম্পন্ন প্রকল্প চিহ্নিত করে তালিকা জরুরি ভিত্তিতে দাখিল করবেন। | ১। উপজেলা প্রকৌশলী, এলজিইডি, জামালপুর সদর।<br>২। ইউপি চেয়ারম্যান (সকল)<br>৩। সংশ্লিষ্ট কমিটি |
| (খ) উপজেলা প্রকৌশলী সভায় আরো বলেন যে, বর্তমান মাননীয় সরকারের 'আমার গ্রাম আমার শহর' প্রকল্পের আওতায় যেসব গ্রামে একটিও পাকা রাস্তা নেই এরূপ যোগাযোগ বিচ্ছিন্ন গ্রামকে সড়ক নেটওয়ার্কের আওতায় আনার তালিকা প্রস্তুত করা হচ্ছে। ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানের সাথে আলোচনা করে তালিকা চূড়ান্ত করণের কাজ চলমান রয়েছে। | (খ) বিস্তারিত আলোচনান্তে 'আমার গ্রাম আমার শহর' প্রকল্পের আওতায় যেসব গ্রামে একটিও পাকা রাস্তা নেই এরূপ যোগাযোগ বিচ্ছিন্ন গ্রাম সড়ক নেটওয়ার্কের আওতায় আনার লক্ষ্যে তালিকা প্রস্তুত করে দ্রুত হেডকোয়ার্টারে পাঠানোর সিদ্ধান্ত গৃহিত হয়। | |
| (গ) উপজেলা প্রকৌশলী সভায় আরো অবহিত করেন যে, উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন ও শারীরিক নিরাপত্তায় | (গ) বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের পুকুরের পশ্চিম পার্শ্বের | |

| | | |
|---|---|---|
| নিয়োজিত আনসার সদস্যদের আবাসন ভবন নির্মাণ ও গণপূর্ত বিভাগ থেকে উপজেলা পরিষদের ডরমেটরি নির্মাণ সংক্রান্ত একটি প্রস্তাব মন্ত্রণালয়ে প্রেরণ এর প্রেক্ষিতে পুকুরের পশ্চিম পার্শ্বের পাড়টিতে রিটেইনিং ওয়াল ও মাটি ভরাট করা প্রয়োজন। ২০২১-২২ অর্থ বছরের রাজস্ব তহবিল থেকে উক্ত প্রকল্প বাস্তবায়নের নিমিত্তে প্রয়োজনীয় কাগজপত্রাদি সহ প্রস্তাব প্রেরণের বিষয়টি উপস্থাপন করেন। | পাড়টিতে রিটেইনিং ওয়াল ও মাটি ভরাটের জন্য ২৫,৫৮,৬৮৭ (পচিশ লক্ষ আটান্ন লক্ষ ছয়শত সাতাশি) টাকার প্রাক্কলন অনুমোদিত হয় এবং স্থানীয় সরকার মন্ত্রণালয়ে প্রাক্কলন ও প্রাসংগিক কাগজ পত্রাদি প্রেরণের সিদ্ধান্ত গৃহিত হয়। | |
| ২। স্বাস্থ্য বিভাগঃ<br>উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় বলেন যে, ১৭ আগস্ট ২০২১ খ্রি. পর্যন্ত জামালপুর সদর উপজেলায় মোট করোনায় আক্রান্ত রোগীর সংখ্যা ২,৫৬৭ জন। ছাড়প্রাপ্ত রোগীর সংখ্যা ২,৩৯৯ জন। বর্তমানে আইসোলেশনে আছে ১৩০ জন এবং এ যাবৎ করোনা আক্রান্ত হয়ে মৃত্যু বরণ করেছেন ৩৫ জন। গত ২৪ ঘন্টায় নতুন রোগী শনাক্ত হয়েছে ১১ জন এবং গত ২৪ ঘন্টায় সুস্থ রোগীর সংখ্যা ৩৭ জন। এছাড়া ১৭ আগস্ট ২০২১ খ্রি. তারিখ পর্যন্ত করোনা ভ্যাকসিনের প্রথম ডোজ গ্রহণ করেছেন ৫৩,৬৮৬ জন এবং ২য় ডোজের টিকা গ্রহণ করেছেন ২০,৪৮২ জন। | (ক) বিস্তারিত আলোচনান্তে সরকারের নির্দেশনা মোতাবেক অগ্রাধিকার ভিত্তিতে করোনা ভাইরাসের টিকা প্রদানের জন্য নিবন্ধন এবং প্রয়োগের সিদ্ধান্ত গৃহিত হয়। | ১। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সদর।<br>ও সংশ্লিষ্ট কমিটি। |
| ৩। কৃষি বিভাগঃ<br>উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, অত্র উপজেলায় রোপা আমনের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে মোট ৩০,৩০৭ হে.। ইতোমধ্যে ৬৫% বীজতলা আবাদ হয়েছে। খরিফ- মৌসুমে আউশ পাট কর্তন শেষ হয়েছে ও বাম্পার ফলন হয়েছে। ২০২১-২২ অর্থ বছরে উন্নয়ন সহায়তা (ভর্তুকি) প্রদানের জন্য কম্বাইন হারভেস্টার, রিপার, রাইস ট্রান্সপ্লান্টার, পাওয়ার থ্রেসার, মেইজ শেলার ও ড্রায়ার যন্ত্র ক্রয়ে আগ্রহী কৃষকদের তালিকা প্রস্তুত করা হচ্ছে। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। | রোপা আবাদসহ বিভিন্ন রবি শস্যের লক্ষ্যমাত্রা অর্জিত হওয়ার লক্ষ্যে নিবিড় পর্যবেক্ষণসহ কৃষকদের বিভিন্ন সমস্যা মাঠ পর্যায়ে তদারকি করা ও কৃষি সংক্রান্ত বিভিন্ন সেবা কৃষকদের মাঝে পৌছে দেওয়া সহ সরকার কর্তৃক বিভিন্ন সময়ে কৃষকদের মাঝে কৃষি প্রণোদনা সঠিক ভাবে বিতরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহিত হয়। | ১। উপজেলা কৃষি কর্মকর্তা, সদর<br>২। ইউপি চেয়ারম্যান (সকল) |
| ৪। মৎস্য বিভাগঃ<br>উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তা সভায় বলেন যে, মৎস্য হ্যাচারি, মৎস্য খাদ্যের দোকান এবং মৎস্য নার্সারীর মালিকগণ কোভিড-১৯ মহামারিতে যেন তাদের উৎপাদিত রেণু, পোনা উৎপাদন, বিক্রয় ও মৎস্য খাদ্য দোকান মালিকগণ যেন বিক্রয় করতে পারে সেজন্য সহায়তা প্রদান কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া ভ্রাম্যমান মাছ বিক্রয় অব্যাহত রাখা, বাজার মনিটরিং, চাষীর পুকুর পরিদর্শন ও পরামর্শ প্রদান চলমান রয়েছে। আগামী ২৮ আগস্ট হতে ০৩ সেপ্টেম্বর পর্যন্ত জাতীয় মৎস্য সপ্তাহ উদযাপন হবে। এছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। | মৎস্য বিভাগের আওতায় বিভিন্ন প্রশিক্ষণ ও অভিযান কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়ন নিশ্চিত করবেন। | উপজেলা মৎস্য কর্মকর্তা, সদর। |
| ৫। প্রাণি সম্পদ বিভাগঃ<br>উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা সভায় বলেন, প্রাণি সম্পদ বিভাগের মাঠ পর্যায়ের সকল কার্যক্রম সঠিকভাবে বাস্তবায়িত হচ্ছে। এছাড়া প্রাণিসম্পদ বিভাগের আওতায় জনস্বাস্থ্য সুরক্ষায় ভেটেরিনারি পাবলিক হেলথ জোরদারকরণ প্রকল্পের আওতায় জলাতঙ্ক, এনথ্রাক্স ও ব্রুসেলোসিস রোগে আক্রান্ত গবাদিপশুর ক্ষতিপূরণের ব্যবস্থা আছে। সেই আক্রান্ত গবাদিপশুর নমুনা ঢাকায় পাঠিয়ে পরীক্ষা করে রিপোর্ট পজিটিভ হলে কমিটির অনুমোদন | প্রাণী সম্পদ বিভাগের আওতায় বিভিন্ন প্রশিক্ষণ ও অভিযান কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়ন নিশ্চিত করবেন এবং বর্ণিত রোগে আক্রান্ত গবাদি পশু নমুনা পরীক্ষা করার বিষয়ে সচেতনতা বৃদ্ধির জন্য কার্যক্রম গ্রহণ করতে হবে। | ১। উপজেলা প্রাণী সম্পদ অফিসার, সদর।<br>২। সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |

| | | |
|---|---|---|
| নিয়ে প্রকল্পের মাধ্যমে ক্ষতিগ্রস্থ খামারীকে ক্ষতিপূরণ প্রদানের সুযোগ রয়েছে। | | |
| **৬। পরিবার পরিকল্পনা বিভাগঃ**<br>উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার সভায় বলেন যে, কোভিড-১৯ ভাইরাস এর প্রাদুর্ভাব চলাকালীন লক ডাউন অবস্থায় জুলাই/২১ মাসে সিএসবিএ প্রশিক্ষণ প্রাপ্ত একতব্লিউএ বাড়ী বাড়ী গিয়ে ৫২টি নিরাপদ প্রসব সেবা দিয়েছেন এবং প্রশিক্ষণ প্রাপ্ত পরিবার কল্যাণ পরিদর্শক, ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে ২৭টি নিরাপদ প্রসব সেবা সম্পাদন করেছেন। শরিফপুর, তুলশীরচর এবং ইটাইল ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে আবাসিক ভবন বসবাসের অনুপযোগী পূনঃনির্মাণ/মেরামতের জন্য উর্ধ্বতন কর্তৃপক্ষকে অবহিত করা হয়েছে। এছাড়া জামালপুর সদর উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগের কার্যক্রম স্বাভাবিক গতিতে চলছে। | স্বাস্থ্য কেন্দ্রে আগত সেবা গ্রহিতাদের সেবার মান বৃদ্ধি করতে হবে এবং জনসংখ্যার ভয়াবহতা বৃদ্ধি রোধে কার্যকরী ব্যবস্থা গ্রহণ অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, সদর। |
| **৭। ত্রাণ ও পুর্নবাসনঃ**<br>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, করোনা কালীন সময়ে কর্মহীন, গরীব, দুস্থ ও অসহায় মানুষের মাঝে খাবার সরবরাহের জন্য (৩৩৩ থেকে প্রাপ্ত কলের মাধ্যমে) মোট ১৯,৯৫,৯০০ (উনিশ লক্ষ পঁচানব্বই হাজার নয়শত) টাকার বরাদ্দের বিপরীতে চাল, ডাল, তৈল, আলু ইত্যাদি মালামাল বিতরণের কাজ চলমান রয়েছে। এবং ইতোমধ্যে এর মাধ্যমে ৬০০০ এর অধিক লোককে খাদ্য সহায়তা দেয়া হয়েছে। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম চলমান রয়েছে। | ৩৩৩ ফোন কলের মাধ্যমে খাবার বিতরণের কাজ সুষ্ঠু ও সুন্দরভাবে করার সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, জামালপুর সদর। |
| **৮। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগঃ**<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় বলেন যে, কোভিড-১৯ এর কারণে শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ রয়েছে। শিক্ষা প্রতিষ্ঠানে অনলাইন ক্লাশ চলমান রয়েছে। স্বাস্থ্যবিধি মেনে এসাইনমেন্ট কার্যক্রম চলছে। স্থানীয় টিভি চ্যানেলের মাধ্যমে ক্লাশ সম্প্রচার করা হচ্ছে। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম চলমান রয়েছে। | সরকারি নির্দেশনা মোতাবেক অনলাইনে ক্লাশ চালু রাখা ও স্বাস্থ্যবিধি মেনে এসাইমেন্ট কার্যক্রম অব্যাহত রাখতে হবে এবং শিক্ষা প্রতিষ্ঠানের সকল শিক্ষক ও কর্মচারীদের ভ্যাকসিন গ্রহণ নিশ্চিত করতে হবে। এছাড়াও অনলাইন শিক্ষা কার্যক্রম মনিটরের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সদর। |
| **৯। শিক্ষা বিভাগঃ**<br>উপজেলা শিক্ষা কর্মকর্তা সভায় বলেন যে, ২০২১-২২ অর্থবছরে রাজস্ব বাজেটের আওতায় সংস্কার ও মেরামতের জন্য তালিকা প্রাথমিক শিক্ষা অধিদপ্তর কর্তৃক তালিকা প্রেরনের নির্দেশনা দেয়া হয়েছে। যে সকল বিদ্যালয় বিগত ৩ বছরের মধ্যে কোন ধরনের মেরামতের জন্য বরাদ্দ পাই নাই সেই সকল বিদ্যালয়ের তালিকা পাঠাতে হবে। তালিকা নির্বাচনের জন্য সকলের সহযোগীতা চাওয়া হয়েছে। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম চলমান রয়েছে। | কোভিড কালীন সময়ে অনলাইনে ক্লাশ চালু রাখার বিষয়ে নির্দেশনা প্রদান করা হয়। এছাড়া বিগত ৩ বছরে মেরামত হয়নি তার তালিকা দ্রুত প্রস্তুত পূর্বক প্রাথমিক শিক্ষা অধিদপ্তরে পাঠানোর সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা শিক্ষা অফিসার, সদর। |
| **১০। মহিলা বিষয়ক বিভাগঃ**<br>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় বলেন যে, মহিলা বিষয়ক অধিদপ্তরের ভিজিডি কার্যক্রম অব্যাহত আছে। প্রত্যেক ইউনিয়নে ১৭৭ জন মহিলাদের মধ্যে ৮০০ টাকা হিসাবে মাতৃত্ব ভাতার টাকা বিতরণ প্রক্রিয়াধীন রয়েছে। নারী নির্যাতন প্রতিরোধ, বাল্য বিবাহ নিরোধ বিষয়ে উঠান বৈঠক অব্যাহত আছে। এছাড়া সরকারি নির্দেশনা মোতাবেক তার দপ্তরের অন্যান্য সকল কাজ সুষ্ঠু ও সুন্দর ভাবে চলছে। | সরকারি নির্দেশনা কঠোরভাবে পালন করাসহ জনসাধারণের সেবার মান নিশ্চিত করার সিদ্ধান্ত গৃহিত হবে। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, সদর। |

| | | |
|---|---|---|
| **১১। সমাজসেবা বিভাগ:**<br>উপজেলা সমাজ সেবা কর্মকর্তা সভায় বলেন যে, জামালপুর সদর উপজেলায় সকল বয়স্ক, বিধবা, প্রতিবন্ধী ভাতা ও প্রতিবন্ধী শিক্ষা উপবৃত্তির জন্য জিটুপি পদ্ধতিতে ভাতা প্রদানের নিমিত্তে ব্যাপক প্রচার প্রচারনা চালিয়ে মোবাইল ব্যাংকিং সার্ভিস 'নগদ' হিসাব খোলা হয়েছিল। একাউন্ট সংক্রান্ত বিভিন্ন সমস্যা রয়েছে যেগুলো অধিকতর গুরুত্বের সাথে অফিসে সমাধান করা হচ্ছে। ভাতা প্রদান সংক্রান্ত অনলাইন কার্যক্রমে ইউপি চেয়ারম্যানগণের বিভিন্ন অভিযোগ রয়েছে। যেগুলো জরুরি ভিত্তিতে সমাধানের চেষ্টা করা হচ্ছে। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম চলমান রয়েছে। | বিভিন্ন ভাতা প্রদান সংক্রান্ত ইউপি চেয়ারম্যানগণের বিভিন্ন অভিযোগ গুরুত্বের সাথে বিবেচনায় এনে আগামী ৩১ আগস্ট,২০২১ তারিখের মধ্যে ভাতা প্রদান সংক্রান্ত বিভিন্ন সমস্যা সমাধানের সিদ্ধান্ত গৃহিত হয়। | ক) উপজেলা সমাজসেবা কর্মকর্তা<br>খ) উপজেলা ভাতা বাস্তবায়ন কমিটি।<br>গ) ইউনিয়ন ভাতা বাস্তবায়ন কমিটি। |
| **১২। যুব উন্নয়ন বিভাগ:**<br>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, তার দপ্তর থেকে বর্তমানে ঋণ বিতরণ করা হয়েছে ২,৬৯,০৪,০০০ টাকা। বর্তমান মাসে চলমান আদায়কৃত ঋণের পরিমাণ ৪২,৪০০ টাকা। চলমান অর্থবছরে প্রশিক্ষণ লক্ষ্যমাত্রা ধরা হয়েছে ৩৭৫ জন এবং প্রশিক্ষণ প্রদান কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম চলমান রয়েছে। | ঋণ বিতরণ এবং ঋণ গ্রহিতা যুব ও যুবতীদের ঋণের সুষ্ঠু ব্যবহার নিশ্চিত করতে হবে এবং কর্মসংস্থান সৃষ্টির পাশাপাশি অন্যান্য কার্যক্রম এর সুষ্ঠু বাস্তবায়ন নিশ্চিত করতে হবে। | উপজেলা যুব উন্নয়ন অফিসার, সদর |
| **১৩। সমবায় বিভাগ:**<br>উপজেলা সমবায় কর্মকর্তা সভায় বলেন যে, স্বাস্থ্য বিধি মেনে স্বল্প পরিসরে অফিসের কার্যক্রম চলছে। এই উপজেলায় উন্নত জাতের গাভী পালনের মাধ্যমে সুবিধা বঞ্চিত মহিলাদের জীবন যাত্রার মান উন্নয়ন প্রকল্পের আওতায় দিগপাইত ও রানাগাছা ইউনিয়ন নারী উন্নয়ন সমবায় সমিতি লি: এর ২২০ জন সদস্যদের মাঝে ১,২০,০০০ টাকা করে সর্বমোট বিতরণকৃত ঋণের পরিমাণ ৩,৩৮,০০,০০০ (তিন কোটি আটত্রিশ লক্ষ) টাকা। জুলাই ২০২১ পর্যন্ত আদায় যোগ্য ঋণের পরিমাণ ১,৪২,২৪,০০০ (এক কোটি বিয়াল্লিশ লক্ষ চব্বিশ হাজার) টাকা। ঋণ আদায়ের হার ৮৫%। এছাড়া অত্র উপজেলায় ৮টি আশ্রয়ণ প্রকল্পের ঋণ বিতরণের পরিমাণ ৬৭,৫৩,০০০ (সাতষট্টি লক্ষ তিপ্পান্ন হাজার) টাকা এবং উক্ত মাসে আদায়কৃত ঋণের পরিমাণ ৭৮,৭৭,২৪০ (আটাত্তর লক্ষ সাতাত্তর হাজার দুইশত চল্লিশ) টাকা। চলতি অর্থ বছরে আদায় যোগ্য সরকারি রাজস্ব (অডিট ফি, নিবন্ধন ফি, ভ্যাট ও সিডিএফ) বাবদ ৪৮,০০০ টাকা আদায় করে চালানের মাধ্যমে জমা করা হয়েছে। এছাড়া বিভাগীয় অন্যান্য কাজ চলমান। | সমবায় বিভাগের ঋণ বিতরণ কার্যক্রম ও আদায় নিশ্চিত করতে হবে। | উপজেলা সমবায় অফিসার, সদর। |
| **১৪। বাংলাদেশ রুরাল ডেভেলপমেন্ট বোর্ড (বিআরডিবি):**<br>উপজেলা বিআরডিবি কর্মকর্তা সভায় বলেন যে, স্বাস্থ্য বিধি মেনে স্বল্প পরিসরে বিআরডিবির সকল কার্যক্রম চলমান আছে। ২০২০-২১ অর্থবছরে ২৩,৭৩,০০০ (তেইশ লক্ষ তিয়াত্তর হাজার) টাকা ঋণ বিতরণ করা হয়েছে এবং ১৩,২৭,০০০ (তের লক্ষ সাতাশ হাজার) টাকা আদায় হয়েছে। এছাড়া কোভিড-১৯ প্রণোদনা প্যাকেজের আওতায় পল্লী উদ্যোক্তাদের ০৪ জন সদস্যর মাঝে ৪,০০,০০০ (চার লক্ষ) টাকা ঋণ বিতরণ করা হয়েছে। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠু ও সুন্দর ভাবে চলছে। | বিআরডিবি বিভাগের ঋণ বিতরণ কার্যক্রম এর আওতায় সরকারি নির্দেশনা অনুযায়ী ঋণ বিতরণ ও আদায় নিশ্চিত করার সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, সদর |
| **১৫। জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ:**<br>অনুপস্থিত থাকায় আলোচনা সম্ভব হয়নি। | সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তার উপস্থিতি নিশ্চিত করতে হবে। | উপ-সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য, জামালপুর সদর। |

<table>
<tr>
<td>১৬। বন বিভাগঃ<br>অনুপস্থিত থাকায় আলোচনা সম্ভব হয়নি।</td>
<td>সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তার উপস্থিতি নিশ্চিত করতে হবে।</td>
<td>উপজেলা বন কর্মকর্তা, সদর।</td>
</tr>
<tr>
<td>১৭। বিবিধঃ<br>(ক) <u>উপজেলা পরিষদের রাজস্ব আয় ও ব্যয়ের অনুমোদনঃ</u><br>উপজেলা প্রকৌশলী পরিষদের রাজস্ব তহবিল হতে নিম্ন বর্ণিত কাজ সম্পাদনের প্রস্তাব করেন।<br>(১) বাসাবাড়ি ও অফিস মেরামত।<br>(২) পরিষদের জন্য আসবাবপত্র ক্রয়।<br>(৩) অফিস সরঞ্জাম ক্রয়।<br>(৪) অপ্রত্যাশিত খাত থেকে সাহায্য</td>
<td>বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের বাসাবাড়ি ও অফিস মেরামত, আসবাবপত্র ক্রয় ও মেরামত, অফিস সরঞ্জাম ক্রয় ও মেরামত ও অপ্রত্যাশিত খাত থেকে সাহায্যর জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়।</td>
<td>চেয়ারম্যান উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার সদর, জামালপুর।</td>
</tr>
<tr>
<td>(খ) হাটবাজার উন্নয়ণ সম্পর্কিতঃ<br>সভায় ১৪২৭-১৪২৮ বাংলা সনের হাটবাজার ইজারা লব্ধ আয়ের ১৫% অর্থ দ্বারা নিম্নে বর্ণিত প্রকল্প বাস্তবায়নের জন্য বিস্তারিত আলোচনা করা হয়। ১৪ নং দিগপাইত ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জনাব মিজানুর রহমান তার ইউনিয়নে হোনটিয়া বাজারের শেডঘর নির্মাণের জন্য ২,০০,০০০ (দুই লক্ষ) টাকার এস্টিমেট পেশ করেন। এছাড়া ১৩ নং মেষ্টা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জনাব নাজমুল হক বাবু হাজীপুর বাজারের অভ্যন্তরীন রাস্তা সংস্কার বাবদ ১,০৮,০০০ (এক লক্ষ আট হাজার) টাকার এস্টিমেট সভায় উপস্থাপন করেন।</td>
<td>বিস্তারিত আলোচনান্তে দিগপাইত ইউনিয়নের হোনটিয়া বাজারের শেডঘর নির্মাণ বাবদ ২,০০,০০০ (দুই লক্ষ) টাকা এবং হাজীপুর বাজারের অভ্যন্তরীণ রাস্তা সংস্কার বাবদ-১,০৮,০০০ (এক লক্ষ আট হাজার) টাকার এস্টিমেট, প্রকল্প বাস্তবায়ন কমিটির রেজুলেশন সহ হাটবাজার উন্নয়ন ও ব্যবস্থাপনার সরকারি নীতিমালা মোতাবেক ব্যয়ের সিদ্ধান্ত গৃহিত হয়।</td>
<td>উপজেলা প্রকৌশলী ও সংশ্লিষ্ট কমিটি।</td>
</tr>
<tr>
<td><u>(ঘ) রাজস্ব তহবিল সংক্রান্ত :</u><br>রাজস্ব তহবিলের ২৯ জুলাই/২০২১ থেকে ১৭ আগস্ট/২১ পর্যন্ত ব্যয়ের খাত সমূহ অনুমোদনের জন্য উপস্থাপন করা হয়।
<table>
<tr><th>ব্যয়ের খাত</th><th>টাকা</th></tr>
<tr><td>উপজে ও ভাইস চেয়ারম্যানদ্বয়ের সম্মানি ভাতা</td><td>৯৪,০০০</td></tr>
<tr><td>১৫ আগস্ট পালন উপলক্ষে বিভিন্ন খরচ</td><td>৫১,২২৫</td></tr>
<tr><td>মালি ও পরিচ্ছন্নতাকর্মীর মজুরী প্রদান</td><td>১৯,৮০০</td></tr>
<tr><td>পরিষদের আপ্যায়ন ব্যয় বাবদ</td><td>৩০,১২৬</td></tr>
<tr><td>পরিষদের আনুষঙ্গিক ব্যয় বাবদ</td><td>৪,৯৫০</td></tr>
<tr><td>আনসারের বেতন</td><td>৮,৩৩৩</td></tr>
<tr><td>মশক নিধনের জন্য কেমিক্যাল ক্রয়</td><td>১৭,২০০</td></tr>
<tr><td>পরিষদ কর্মচারীদের সিপিএফ তহবিলের উপর সুদ প্রদান</td><td>৬০,৯৭৮</td></tr>
<tr><td>সর্বমোট</td><td>২,৮৬,৬১২</td></tr>
</table></td>
<td>বিস্তারিত আলোচনান্তে রাজস্ব তহবিলের আওতায় ২৯ জুলাই/২০২১ থেকে ১৭ আগস্ট/২১ মাসের ব্যয় উপস্থাপিত ছকে প্রদর্শিত খাত অনুসারে সর্বমোট ২,৮৬,৬১২ (দুই লক্ষ ছিয়াশি হাজার ছয়শত বারো) টাকার ব্যয় সর্ব সম্মতিক্রমে অনুমোদন করা হলো।</td>
<td>সংশ্লিষ্ট আয়ন ব্যয়ন কর্মকর্তা।</td>
</tr>
</table>

এ পর্যায়ে মাননীয় সংসদ সদস্য (১৪২,জামালপুর-৫) জনাব আলহাজ্ব ইঞ্জিনিয়ার মো: মোজাফ্ফর হোসেন জামালপুর সদর উপজেলাকে উন্নয়নের পথে এগিয়ে নিয়ে যাওয়ার জন্য সবাইকে এক সাথে কাজ করার আহবান জানান। এছাড়া, উপজেলা পরিষদের রাজস্ব উদ্বৃত্তের অর্থ দিয়ে সদর উপজেলার বিভিন্ন ইউনিয়নের রাস্তাঘাট, পুল, কালভার্ট মেরামতের নির্দেশনা প্রদান করেন। করোনা ভাইরাস নিয়ন্ত্রণে মাস্ক ব্যবহার নিশ্চিতকরণ, সামাজিক দূরত্ব মেনে চলাসহ সরকারি সকল নির্দেশনা মেনে চলার পরামর্শ দেন। পাশাপাশি সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি যেন স্বাভাবিক থাকে সে বিষয়ে আইন প্রয়োগকারী সংস্থাকে সতর্কতা থাকার পরামর্শ দেন। এছাড়া আজকের সভায় গৃহিত সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন নিশ্চিত করতে সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান। সরকারি বরাদ্দের সর্বোচ্চ ব্যবহার করে জনগুরুত্বপূর্ণ প্রকল্প গ্রহণ ও বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সকলকে আন্তরিক ও নিষ্ঠার সাথে দায়িত্ব পালনের নির্দেশনা দেন।

মাননীয় সংসদ সদস্য সভায় আরো বলেন যে, জামালপুর সদর উপজেলা পরিষদের আওতায় বিভিন্ন উন্নয়ন মূলক কাজের টেকসই উন্নয়নের স্বার্থে লটারির মাধ্যমে যে ঠিকাদারী প্রতিষ্ঠান কাজ পাবে তাকেই উক্ত কাজ বাস্তবায়ন করতে হবে। অন্য ঠিকাদারী প্রতিষ্ঠানের নিকট কাজ বিক্রি করে অতিরিক্ত লাভের আশায় কাজের গুণগত মান বিনষ্ট করা যাবে না।

পরিশেষে চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জামালপুর সদর বলেন, করোনা ভাইরাস প্রতিরোধে সরকার তৃতীয় বারের মতো সমগ্র বাংলাদেশে চলাচলে বিধি নিষেধ আরোপ করেছেন। করোনা ভাইরাস প্রতিরোধে সবাইকে মাস্ক পরিধানসহ সামাজিক দূরত্ব কঠোরভাবে মেনে চলার আহবান জানান এবং আইন শৃঙ্খলা পরিস্থিতি যেন অবনতি না হয় সেদিকে আইন প্রয়োগকারী সংস্থাকে সজাগ থাকার অনুরোধ জানান। এছাড়া সমাজসেবা বিভাগের ভাতা সংক্রান্ত যেকোন সমস্যা আগামী ৩১ আগস্ট, ২০২১ তারিখের মধ্যে সমাধান ও ইউপি চেয়ারম্যানগণকে ভাতা ভোগীদের তালিকা সরবরাহের জন্য নির্দেশক্রমে অনুরোধ করেন। এছাড়া, সভাপতি আজকের সভায় গৃহিত সিদ্ধান্তসমূহ দ্রুত বাস্তবায়নের জন্য সকল দপ্তর প্রধানকে অনুরোধ জানান। করোনা ভাইরাসে আক্রান্ত রোগীর পাশাপাশি হাসপাতালসমূহে সাধারণ রোগীর চিকিৎসা সেবা নিশ্চিত করতে স্বাস্থ্য বিভাগকে অনুরোধ জানান। অতঃপর, আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোহাম্মদ আবুল হোসেন)
চেয়ারম্যান
ও
সভাপতি
উপজেলা পরিষদ, জামালপুর সদর, জামালপুর।

স্মারক নং: ০৫.৩০.৩৯৩৬.১০২.০৬.০০১.২১-৭৭৮(ক)    তারিখ: ২২ আগস্ট, ২০২১ খ্রি.

অনুলিপি: সদয় অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)
১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মাননীয় সংসদ সদস্য - ১৪২, জামালপুর- ৫, জামালপুর।
৩। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
৫। জেলা প্রশাসক, জামালপুর।
৬। উপ-পরিচালক, স্থানীয় সরকার, জামালপুর।
৭। ভাইস চেয়ারম্যান/ ভাইস চেয়ারম্যান (মহিলা), উপজেলা পরিষদ, জামালপুর সদর, জামালপুর।
৮। উপজেলা............................................................................অফিসার, জামালপুর সদর।
৯। চেয়ারম্যান ........................................................................ইউনিয়ন পরিষদ, জামালপুর সদর।
১০। ..........................................................................................জামালপুর সদর, জামালপুর।
১১। অফিস কপি।

২২/০৮/২১
(লিটুস লরেন্স চিরান)
উপজেলা নির্বাহী অফিসার
জামালপুর সদর, জামালপুর।
মোবাইল নং ০১৭০৯-৯৭০০৫০
E-mail: unojamalpur@mopa.gov.bd